দৈনিক জনকণ্ঠ

JUL 02 2002

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মে মাসের বেতনের চেক হস্তান্তর

দু'হাজার একটি নতুন বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক এবং কর্মচারীদের মে মাসের বেতন-ভাতাদির সরকারী অংশের টাকা ১২টি চেকের মাধ্যমে ৩০ জুন অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ২০ জুলাইয়ের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক ও কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। খবর তথ্য বিবরণী।

উল্লেখ্য, সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক অথবা কর্মচারী ২০০১-২০০২ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এ সাথে উত্তোলন করতে পারবে।